



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১৬১৬১/ময়মনসিংহ-১৬৮/৮৫৫৯৬

তারিখ: ১৯.০৮.২০২০খ্রি.

বিষয়: গভার্ণিং বডি বাতিলকরণ প্রসঙ্গে

সূত্র: ২। বামাশিবো/প্রশাসন/ ৩৩৩১৯১১১৬১৬১/ ময়মনসিংহ-১৬৮/৩৪৬৯/২; তারিখ: ২৪/০১১/২০১৯ খ্রি.
১। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৬১২৩.০০০.৪৩.০৪০.২০-২৬৫; তারিখ: ৩০/০৩/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন গৌরীপুর ইসলামাবাদ সিনিয়র আলিম মাদ্রাসায় বোর্ড কর্তৃক অনুমোদিত গভার্ণিং বডির সভাপতির বিরুদ্ধে নির্বাচিত অভিভাবক সদস্য জনাব মাহবুব আলম অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-উক্ত মাদ্রাসার গভার্ণিং বডির নির্বাচনের পর মাদ্রাসার অধ্যক্ষ তাদের সাথে কোন প্রকার আলাপ-আলোচনা না করে সকলের মতামত উপেক্ষা করে নিজ হীনস্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে জনাব শফিকুল ইসলাম হবিকে সভাপতি পদে মনোনয়ন করে বোর্ডে প্রস্তাব প্রেরণ করেন। সভাপতি হিসেবে নির্বাচিত জনাব শফিকুল ইসলাম হবি একটি দুর্নীতিপরায়ণ ব্যক্তি। তার বিরুদ্ধে ইত:পূর্বে অর্থ আত্মসাৎসহ নানা ধরনের নীতি বহির্ভূত কার্যকলাপ ও স্বজনপ্রীতির অভিযোগ রয়েছে।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ-কে সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে মতামত প্রদান করেছেন। তদন্তকারী কর্মকর্তার মতামত পর্যালোচনায় দেখা যায়, সভাপতি ও সদস্য সচিব ব্যতীত সকল সদস্য পদত্যাগপত্র জমা দিয়েছেন।

এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামত অনুযায়ী বোর্ড কর্তৃক অনুমোদিত গভার্ণিং বডির অধিকাংশ সদস্য পদত্যাগের বিষয়টি প্রমাণিত হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশাসন/ ৩২৮১৯১১১৬১৬১/২১৭৪৩/নথি নং-১৬৮; তারিখ: ১৬/০৯/২০১৯ খ্রি. স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি এতদ্বারা বাতিল করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



১০.০৮.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮




প্রাপক: অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, গৌরীপুর ইসলামাবাদ সিনিয়র আলিম মাদ্রাসা
ডাকঘর: গৌরীপুর, উপজেলা: গৌরীপুর, জেলা: ময়মনসিংহ;

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১৬১৬১/ময়মনসিংহ-১৬৮/ /

তারিখ: .০৮.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


১০/৮/২০২০

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

